Please check the examination details below before entering your candidate information

| Candidate surname | Other names |
|---|---|
| | |

Centre Number

Candidate Number

**Pearson Edexcel International GCSE**

# Tuesday 30 May 2023

Morning (Time: 2 hours 30 minutes)

**Paper reference** **4BA0/01**

# Bangla

## PAPER 1: Reading, Writing and Translation

**You do not need any other materials.**

Total Marks

## Instructions

- Use **black** ink or ball-point pen.
- **Fill in the boxes** at the top of this page with your name, centre number and candidate number.
- There are **three** sections you must answer:
  – Section A Questions 1–4
  – Section B Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c)
  – Section C Question 7.
- Answer the questions in the spaces provided
  *– there may be more space than you need.*
- You must **not** use a dictionary.

## Information

- The total mark for this paper is 100.
- The marks for **each** question are shown in brackets
  *– use this as a guide as to how much time to spend on each question.*

## Advice

- Read each question carefully before you start to answer it.
- Check your answers if you have time at the end.

*Turn over* ▶

P72683RA

©2023 Pearson Education Ltd.
N:1/1/1/1/1/1/

P 7 2 6 8 3 R A 0 1 2 0

Pearson

**SECTION A**
**Reading**

**Answer ALL questions.**

**Write your answers in the spaces provided.**

**Multiple-choice questions must be answered with a cross in a box ☒ . If you change your mind about an answer, put a line through the box ☒ and then mark your new answer with a cross ☒ . Open-response questions do not have to be written in full sentences and you may respond using single words or phrases.**

**1** ‘স্কুলের চাবি’ সম্বন্ধে নিচের লেখাটি পড়ো এবং শব্দ তালিকা থেকে প্রতিটি বাক্সে সঠিক শব্দের অক্ষরটি বসাও।

***স্কুলের চাবি***

আমাদের স্কুলের পাশের নদীর পানিতে সারাবছরই শাপলা ফুল ফোটে। স্কুলের প্রধান শিক্ষকের বাড়ি নদীর ওপারে। স্যার নিজেই নৌকা চালিয়ে স্কুলে আসা-যাওয়া করেন। সেদিন তিনি হঠাৎ স্কুলের চাবি আনতে ভুলে গেলেন। ওটা তিনি নিজের সঙ্গেই রাখেন। স্কুলে এসে দেখলেন ছাত্ররা বাইরে দাঁড়িয়ে আছে। কারণ দরজায় তালা লাগানো।

ভালো ছাত্র হিসেবে স্যার আমাকে ভালোবাসেন। সুতরাং আমাকেই যেতে হলো স্যারের বাড়িতে চাবি আনতে। আমি নৌকা চালাতে জানি না বলে সহপাঠী সুজনকে নৌকা চালাতে তিনি আমার সাথে পাঠালেন। সুজন ছিলো দুষ্টুবুদ্ধিতে পাকা।

সমস্যা হলো চাবি নিয়ে ফেরার সময়। সুজনের মাথায় হঠাৎ দুষ্টামি চাড়া দিলো। লক্ষ করলাম, সে নৌকা ঘুরালো উল্টোদিকে নদীর চরে ফুটে থাকা শাপলাফুল তোলার জন্য। এদিকে সবাই অপেক্ষা করছে চাবির জন্য। সুজনের কাণ্ডজ্ঞানহীনতায় রীতিমতো ভয় পেলাম। আমি উপুড় হয়ে অনেক কষ্টে ওর হাত থেকে বৈঠা নিলেও পরক্ষণেই ঝপ করে পানিতে চাবি পড়ার শব্দে চমকে উঠলাম। ওটা যে আমার শার্টের পকেটেই ছিল!

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

| | | | |
|---|---|---|---|
| **A** উল্টোদিকে | **B** ধারে | **C** শত্রু | **D** ক্লাসবন্ধু |
| **E** নদীপথে | **F** হেঁটে | **G** তালাবন্ধ | **H** দুর্ভোগ |
| **I** খোলামেলা | **J** নির্বুদ্ধিতায় | **K** প্রিয়পাত্র | **L** সহকারী |
| **M** ভদ্রতায় | | | |


| উদাহরণ: | বাবুলের স্কুলটি নদীর ...। | **B** |
|---|---|---|
| **1** (a) | হেড টিচার ... স্কুলে যাতায়াত করেন। | |
| **1** (b) | দরজা ... থাকায় ছাত্ররা বাইরে দাঁড়িয়েছিলো। | |
| **1** (c) | বাবুল হেড টিচারের ... ছিলো। | |
| **1** (d) | চাবি আনতে বাবুলের সাথে তার ... গেলো। | |
| **1** (e) | সুজনের ... বাবুল ভয় পেলো। | |
| **1** (f) | ফেরার পথে বাবুলের বেশ ... হলো। | |

**(Total for Question 1 = 6 marks)**

**2** ‘ডিজিটাল মাধ্যমের ব্যবহার’ -এ সম্বন্ধে নিচে দেওয়া তিনজন তরুণ-তরুণীর লেখাগুলো পড়ো এবং সঠিক বাক্সে ☒ চিহ্ন দিয়ে সঠিক নাম/নামগুলোর সঙ্গে বাক্যগুলো মেলাও। কোনো কোনো ক্ষেত্রে বাক্যের সঙ্গে নামের মিল না-ও থাকতে পারে।

***ডিজিটাল মাধ্যমের ব্যবহার***

**কিশোর**



অনলাইনে জিনিসপত্র বেচা-কেনা ও আর্থিক লেন-দেনে লোকজনের আগ্রহ বাড়ছে। আমি বিশ্ববিদ্যালয়ে কমার্স নিয়ে লেখাপড়া করছি। লেখাপড়ার পাশাপাশি একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের সাথেও কাজ করছি। তাছাড়া সামাজিক মাধ্যমের বিভিন্ন প্ল্যাটফর্মে নেটওয়ার্কের সাহায্যে বিভিন্ন পেশায় নিয়োজিত তরুণদের সাথে যোগাযোগ করি। অনলাইনে বাণিজ্যের প্রচার ও প্রসারে তাদের উদ্বুদ্ধ করি। এভাবে ডিজিটাল মাধ্যম ব্যবহারে আমার আস্থা অনেক বেড়েছে।

**মাহি**



আমি প্রশিক্ষণরত একজন নার্স। ছোটবেলা থেকেই মানুষের সেবাধর্মে উদ্বুদ্ধ হয়েছি বলে পেশা হিসেবে নার্সিংকেই বেছে নিয়েছি। দিন দিন নার্সের চাহিদা বেড়ে চলেছে। ইয়ুথ কর্ণারের ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থাপন ও পোস্টের মাধ্যমে নার্সিং-এ ক্যারিয়ার গড়তে তরুণ-তরুণীদের প্রেরণা দেই। বিভিন্ন হাসপাতালের নার্সরাও ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে তাদের অভিজ্ঞতা শেয়ার করে। এই পেশার প্রতি বাবা-মায়েদের নেতিবাচক মনোভাব বদলানোর জন্যও তারা বিশেষ দাবী জানায়।

**জাফর**



অল্পবয়সেই প্রযুক্তি আমাকে মুগ্ধ করেছে। বাড়িতে ভিডিও তৈরীর সরঞ্জাম এবং সফটওয়্যার ব্যবহারের সুযোগ থাকায় ডিজিটাল ভিডিও বানানোর জন্য আমি প্রবলভাবে আগ্রহী হয়েছি। বর্তমানে একটি প্রযুক্তি সংগঠনের সাথে স্বল্পদৈর্ঘ্য কয়েকটি ডিজিটাল ফিল্ম সিরিজ বানিয়েছি। এটি শুধুমাত্র সম্ভব হয়েছে বিভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করার কারণে। আমি মনে করি বাঙালি তরুণদের ক্ষমতায়নে ডিজিটাল মাধ্যমগুলোর অবদান রয়েছে।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

| | | কিশোর | মাহি | জাফর |
|---|---|---|---|---|
| **উদাহরণ:** | ছেলেবেলায় প্রযুক্তির প্রতি আমি আগ্রহী ছিলাম। | ☐ | ☐ | ☒ |
| **A** | ডিজিটাল প্ল্যাটফর্ম স্বাস্থ্যসেবা প্রচারের সহায়ক। | ☐ | ☐ | ☐ |
| **B** | ডিজিটাল মাধ্যমে ফিল্ম বানায়। | ☐ | ☐ | ☐ |
| **C** | পেশাধারী যুবকদের সাথে নেটওয়ার্কিং করে। | ☐ | ☐ | ☐ |
| **D** | শিক্ষালাভে সামাজিক মাধ্যম সহায়তা করে। | ☐ | ☐ | ☐ |
| **E** | যুবকদের ক্ষমতায়নে ডিজিটাল মিডিয়া গুরুত্বপূর্ণ। | ☐ | ☐ | ☐ |
| **F** | সেবা-কাজে অভিভাবকদের দৃষ্টিভঙ্গী বদলানো দরকার। | ☐ | ☐ | ☐ |
| **G** | অনলাইন লেনদেনে আত্মবিশ্বাস বেড়েছে। | ☐ | ☐ | ☐ |

**(Total for Question 2 = 8 marks)**

**3** ‘সুন্দরবন’ সম্বন্ধে নিচের নিবন্ধটি পড়ো। বাংলায় নম্বর অথবা শব্দ/শব্দমালা দিয়ে নোটগুলি পূরণ করো।

***সুন্দরবন***

সুন্দরবন একটি বিখ্যাত দর্শনীয় স্থান যা পৃথিবীর সবচেয়ে বড়ো ম্যানগ্রোভ বনভূমি। এই বনের বৃক্ষকুলের মধ্যে অন্যতম হলো সুন্দরী বৃক্ষ। তবে সুন্দরবন বিশ্ববিখ্যাত রয়েল বেঙ্গল টাইগারসহ, জীববৈচিত্র্য এবং প্রাকৃতিক সৌন্দর্য ও সম্পদ প্রাচুর্যে ভরপুর। ইউনেসকো স্বীকৃত ‘বিশ্ব ঐতিহ্য’ খ্যাত এই সুন্দরবন জাতির জন্য গর্বের প্রতীক।

দেশের অর্থনৈতিক চাহিদাপূরণে এখান থেকে সংগৃহীত হয় কল-কারখানায় ব্যবহার উপযোগী বনবৃক্ষ। তাছাড়া প্রচুর পরিমাণে মধুও বাজারজাত করার জন্য আহরণ করা হয়। প্রায় দুইশটি ছোট-বড়ো দ্বীপ আছে সুন্দরবনে। এখানকার একটি বিশেষ কর্মকাণ্ড হলো দুবলার চর দ্বীপের সৈকতে মাছ ধরার সমারোহ। প্রতিবছর শীতের প্রারম্ভে দেশের বিভিন্ন অঞ্চল থেকে জেলেরা এখানে এসে মাছ ধরে। তারপর তারা মাছগুলো রোদে শুকানোর সময় রং-বেরঙের কাপড় পরে বিভিন্ন উপজাতীয় নৃত্য-গীতে সারা দ্বীপ মাতিয়ে তোলে।

প্রতি বছর সুন্দরবনে যেসব দেশি-বিদেশি পর্যটকদের সমাগম হয় তাদের মধ্যে সত্তর শতাংশই তরুণ। পর্যটকদের ভ্রমণের জন্য সুন্দরবন একটি আকর্ষণীয় স্থান হলেও মাঝেমাঝে এই ভ্রমণ বেশ ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। তরুণদের অধিকাংশই বন বিভাগের নিয়মকানুন না মেনে গভীর বনে ঘুরে বেড়ায়, এমনকি রাতও কাটায়।

সুন্দরবন এলাকার স্থায়ী বাসিন্দা হলো গোলপাতা সংগ্রহকারী বাওয়ালি এবং মধু সংগ্রাহক মউয়াল। বনের ধার ঘেঁষে অনেক উঁচুতে বাঁশের মাচা তৈরি করে সেখানে তারা ঘর বাঁধে।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

উদাহরণ: সুন্দরবন: ম্যানগ্রোভ বনভূমি

(a) বনের প্রধান বৃক্ষ: .......................................................... **(1)**

(b) এই বন জুড়ে আছে .......................................................... আর .......................................................... **(2)**

(c) এই বন জাতির গর্ব: .......................................................... **(1)**

(d) এলাকাবাসীদের আয়ের উৎস: .......................................................... আর .......................................................... **(2)**

(e) এই বনের বিশেষ সমারোহ: .......................................................... আর .......................................................... **(2)**

(f) তরুণ ভ্রমণকারীদের জন্য ঝুঁকিপূর্ণ: .......................................................... আর .......................................................... **(2)**

(g) স্থানীয় বাসিন্দারা থাকে: .......................................................... কীভাবে .......................................................... **(2)**

**(Total for Question 3 = 12 marks)**

**4** (a) নিচে দেওয়া 'কাজ থেকে ছুটি' গল্পের অংশবিশেষ পড়ো।

***কাজ থেকে ছুটি***

"একে তো এতোদিন কাজে আসবে না, তার ওপর আবার মাস শেষ হওয়ার আগেই বেতন চাচ্ছো!" চিৎকার করে উঠলেন বাড়ির কর্ত্রী নীলা চৌধুরী। এইসব ঠিকে কাজের মানুষগুলোকে নিয়ে আর পারা যায় না। ঠিকে ঝি কাজে আসা বন্ধ করে দিলে কর্ত্রীর অবস্থা যে কঠিন হবে। যানজটের জন্য রাস্তায় হাঁটতে যাওয়া কিংবা লোকজনের সাথে মেলামেশার উপায় নেই, তার ওপর রান্নাবান্না ও বাড়ির অন্যান্য কাজকর্ম নিজের হাতে করতে হবে। খাটতে খাটতে জীবনটা যে বেরিয়ে যাবে!" "ঠিক আছে, আমি তাহলে মাসের শেষেই আসবো মাইনে নিতে", কথাটা বলেই চলে গেলো বাড়ির কাজের মেয়ে শিউলি।

"কী হলো? এতো কথা কাটাকাটি কিসের?" সিঁড়ি দিয়ে নামতে নামতে জিজ্ঞেস করলো নীলা চৌধুরীর একমাত্র ছেলে মামুন। একটা মাল্টিন্যাশনাল কম্পানির মোটা বেতনের চাকুরে সে। ছেলের বিয়ের জন্য সুন্দরী ও সর্বগুণসম্পন্না একজন পাত্রী খুঁজছেন তিনি। খবরের কাগজেও বিজ্ঞাপন দিয়েছেন। ছেলের প্রশ্নের জবাবে তিনি বললেন, "দেখেছিস, শিউলির কী আবদার! ছুটি চাই আবার পুরো বেতনও চাই।"

"সে ঠিকই তো বলেছে। কম্পানি থেকে ছুটি চাইলে আমাকেও তো ঐসময় বাড়িতে বসিয়ে তারা বেতন দেয়।" ছেলের উত্তরটা মা মেনে নিতে পারলেন না। তিনি ছেলেকে বললেন, "তুই আর শিউলি কি সমান?" মামুন মাকে বললো, "শিউলি যেমন এ বাড়িতে কাজ করে, আমিও তেমনি একটা বড় কম্পানির কর্মচারী। তোমার ছেলে ছুটি নিয়ে যদি বাড়িতে বসে বেতন পায় তাহলে কাজের মেয়েটি কী দোষ করলো?"

গল্পটিতে যেসব তথ্য রয়েছে তা ব্যবহার করে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও। তোমার উত্তর সম্পূর্ণ বাক্যে লেখার প্রয়োজন নেই।

(i) বাড়ির কর্ত্রী **কার সাথে** এবং **কেন** রাগারাগি করছিলেন?

**(2)**

.......................................................................................................................................................

.......................................................................................................................................................

(ii) কাজের মানুষের অভাবে বাড়ির কর্ত্রী কী কী দুর্ভোগের আশঙ্কা করেছেন? **দুটি** বিষয় লেখো।

**(2)**

.......................................................................................................................................................

.......................................................................................................................................................

(iii) মামুন কে? তার পেশা কী?

**(2)**

.......................................................................................................................................................

.......................................................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

(iv) ছেলের সম্পর্কে তার মা কী ভাবছেন? **দুটি** বিষয় লেখো।

**(2)**

........................................................................................................................................................................................................

........................................................................................................................................................................................................

(v) কাজের মেয়ের অভিযোগকে মামুন **কীভাবে** সঠিক প্রমাণ করলো? **দুটি** বিষয় লেখো।

**(2)**

........................................................................................................................................................................................................

........................................................................................................................................................................................................

**4** (b) 'কাজ থেকে ছুটি' গল্পের বিষয়ে আলোচনাটি পড়ে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও।

দুইজন বন্ধু 'কাজ থেকে ছুটি' লেখাটি আলোচনা করছে।

**বরুণ:** "এই গল্পে যে বিষয়টি ফুটে উঠেছে তা আমাদেরকে ভাবিয়ে তুলেছে। আমাদের সমাজে মধ্যবিত্ত, উচ্চ-মধ্যবিত্ত এমনকি বিত্তশালী লোকজনের বাড়িতে কাজের লোক রাখার প্রচলন আছে। এরা পরিবারের জন্য রান্নাবান্না, বাজার, ঘর পরিষ্কার, কাপড় ধোয়া ইত্যাদির কাজ করে। কেউ ঠিকা কাজ আবার কেউ বাঁধা কাজ করে নিজ নিজ পরিবারের খরচ মেটায়। যেসব বাড়িতে তারা কাজ করে সেসব বাড়ির সুষ্ঠ পরিবেশ ও সুখ-শান্তি বজায় রাখতে এদের যথেষ্ট অবদান রয়েছে। কাজের বিনিময়ে বেতন পাওয়ার সাথে বাড়ির লোকজনের কাছ থেকে তারা ভালো ব্যবহার বিশেষভাবে কামনা করে। বাস্তবে তা ঘটে না। মানুষ হিসেবে তাদের মর্যাদা ও অধিকারের বিষয়টি আমরা ভেবে দেখি না। এমনকি নিজেদের আরাম-আয়েশের জীবন বাধাগ্রস্ত হওয়ার আশংকায় অধিকাংশ বাড়ির কর্তা বা কর্ত্রী নিজেদের অবস্থান ভুলে নানা কৌশলে গৃহকর্মীদের ভয় দেখায়। এটা সত্যিই দুঃখজনক!"

**পলি:** "তুমি ঠিকই বলেছো। কাজের লোক বা গৃহকর্মীদের নিরাপত্তা ও সামাজিক মর্যাদা রক্ষার জন্য আমাদের দেশে এখনো কোনো সরকারি আইন বা নীতিমালা তৈরি হয়নি। এই গল্পে গৃহকর্ত্রীর ছেলে বাড়ির কাজের মেয়ের জীবিকার সাথে যেভাবে নিজের কাজের সমন্বয় করেছে সেটি সত্যিই প্রশংসনীয়। দেশের নাগরিক হিসেবে আমাদের এ ব্যাপারে সচেতন থাকা দরকার। যেসব পরিবারে মহিলা ও পুরুষ উভয়ই বাইরে কাজ করে তাদের পক্ষে ঘরে-বাইরের কাজের ভারসাম্য রক্ষা অনেক ক্ষেত্রেই অসম্ভব। তাই কর্মজীবি মহিলারা যাতে তাদের কর্মজীবনের সাথে পারিবারিক জীবনের সমন্বয় করতে পারে এবং পরিবারের অন্যান্য সদস্যদেরকে সময় দিতে পারে সেজন্য বাড়িতে সৎ ও বিশ্বস্ত গৃহকর্মীর প্রয়োজন। এসব সমস্যা সমাধানে পাশ্চাত্যের দেশগুলোর মতো বাংলাদেশেও কয়েকটি গৃহকর্মী সহায় সংগঠন চালু হয়েছে। এরা পরিবারের বিভিন্ন কাজের জন্য উপযুক্ত সেবা ও গৃহকর্মীর সার্বিক তথ্য দিয়ে থাকে।"

(i) নিচের বিষয়গুলোর ওপর প্রথম বন্ধুর মন্তব্য সংক্ষেপে লেখো:

- গৃহকর্মীদের কাজের ধরন **(1)**
- গৃহকর্মীদের প্রত্যাশা **(1)**

........................................................................................................................................................................................................

........................................................................................................................................................................................................

(ii) নিচের বিষয়গুলোর ওপর দ্বিতীয় বন্ধুর মন্তব্য সংক্ষেপে লেখো:

- গৃহকর্মীদের অবদান **(1)**
- গৃহকর্ম সমস্যা সমাধানের সম্ভাব্য উপায় **(1)**

........................................................................................................................................................................................................

........................................................................................................................................................................................................

**(Total for Question 4 = 14 marks)**

**TOTAL FOR SECTION A = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

## SECTION B
## Writing

Answer Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c).

**Write your answers in the spaces provided.**

**5**

**উৎসব**

তুমি আগে যে উৎসব পালন করেছিলে

উৎসব পালনের উদ্দেশ্য

স্মরণীয় মুহূর্ত

ভবিষ্যতের একটি উৎসব

**উৎসব** সম্পর্কে **বাংলায়** প্রায় **80 শব্দের মধ্যে** একটি অনুচ্ছেদ লেখো। তোমার লেখায় ওপরে দেওয়া চারটি বিষয় অবশ্যই উল্লেখ করবে।

GradeMax

**(Total for Question 5 = 14 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**6** নিচের তিনটি কাজ থেকে যেকোনো একটি কাজ বেছে নিয়ে তার ওপর **বাংলায়** প্রায় ১৪০ শব্দের মধ্যে লেখো।

(a) **কাজ ১**

'তোমার এলাকার সড়ক উন্নয়ন' - এই বিষয়ে বাংলা পত্রিকার জন্য একটি নিবন্ধ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- সাম্প্রতিক সড়ক উন্নয়নের কারণ
- এসব সড়ক উন্নয়নের সুবিধা ও অসুবিধা
- ভবিষ্যৎ সড়ক ব্যবস্থায় তোমার পরামর্শ

**(26)**

(b) **কাজ ২**

হ্যালো মুনির,

স্থানীয় যুব সঙ্ঘ থেকে আমরা কয়েকজন বন্ধু আগামী সপ্তাহে শহরের একটি বৃদ্ধাশ্রমে যাবো। সেখানকার লোকজনকে সুস্থ ও এক আনন্দময় জীবনযাপনে সাহায্য করবো। আশা করি তুমিও আমাদের সাথে যোগ দেবে।

জামি

জামি যে বার্তাটি পাঠিয়েছে এর জবাবে তুমি তাকে একটি ই-মেইল লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- স্থানীয় বয়স্ক লোকজনের জন্য সম্প্রতি তুমি যা করেছিলে
- বৃদ্ধাশ্রমের সাহায্য করার কাজে তোমার ইচ্ছা
- বৃদ্ধাশ্রমে সুন্দর পরিবেশ গড়ে তোলার সম্ভাব্য উপায়

**(26)**

(c) **কাজ ৩**

'ফ্যাশন ও তরুণ প্রজন্ম' - এই সম্বন্ধে তুমি একটি ব্লগ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- সেকালের ফ্যাশন
- তোমার জীবনে ফ্যাশনের প্রভাব
- ফ্যাশনে অপচয় কমানোর উপায়

**(26)**

**Indicate which question you are answering by marking a cross in the box ☒ . If you change your mind, put a line through the box ☒ and then indicate your new question with a cross ☒ .**

Chosen question number: **Question 6(a)** ☒ **Question 6(b)** ☒ **Question 6(c)** ☒

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 6 = 26 marks)**

**TOTAL FOR SECTION B = 40 MARKS**

## SECTION C
## Translation into Bangla

**Write your answer in the space provided.**

**7** নিচের লেখাটি **বাংলায়** অনুবাদ করো।

Rural Development Academy helps villagers in Bangladesh. It was established in 1973. It helps to improve the quality of life of people in the villages. This organisation is managed by the government ministries.

This academy conducts skill-oriented training programmes which include poultry, fishery, gardening, and irrigation mechanics. Many civil servants, villagers, and unemployed young people are offered these trainings. The Academy facilitates research projects which supports unemployed people in new industries. Their campus is equipped with facilities like hostels, a library, and a conference room for the researchers to use.

**(20)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 7 = 20 marks)**

**TOTAL FOR SECTION C = 20 MARKS**
**TOTAL FOR PAPER = 100 MARKS**

GradeMax

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

**Source information**

**Question 2**
© Deepak Sethi/Getty Images
© Andrei Orlov/Getty Images
© shironosov/Getty Images